

পশ্চিমবঙ্গ সরকার  
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের করণ  
মুর্শিদাবাদ

দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

রাজ্য সরকারের লোকপ্রসার প্রকল্প অনুসারে, সরকারের বিভিন্ন সফল প্রকল্প সমূহের উপর নির্মিত ফ্লেক্স (দপ্তরের নির্দেশ মতো পরিবর্তন করতে হবে, ফ্লেক্সের খরচ দপ্তর বহন করবে) দ্বারা দুটি টাটা ৪০৭ বা সমজাতীয় গাড়িকে ২টি বস, ২টি হর্ন, ৬টি মাউথ পিস সম্বলিত মাইক ও একজন করে ফটোগ্রাফার সহ সুসজ্জিত করে (ছবছ এই সঙ্গে প্রদত্ত দপ্তরের নক্সা অনুসারে) দপ্তরের নির্দেশ মতো দুটি মহকুমার (বহরমপুর সদর ও ডোমকল মহকুমার জন্য একটি করে মোট দুটি গাড়ি) বিভিন্ন স্থানে পরিভ্রমণ করতে হবে। এছাড়া প্রতি ট্যাবলোতে ১টি করে লোকশিল্পীর দল থাকবে, যে দলের শিল্পীরা কর্তৃপক্ষের নির্দেশিত স্থানে ট্যাবলোসহ সরকারী প্রচারমূলক অনুষ্ঠান করবেন। মে, ২০১৭ থেকে প্রতি মাসে কমপক্ষে ১২দিন সমস্ত দিন ধরে কাজটি সম্পন্ন করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত দিনেও এই প্রচারের কাজটি সম্পন্ন করতে হতে পারে।

এই বিষয়ে আগ্রহী ব্যক্তি বা সংস্থার পক্ষ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে।

নিয়মাবলী :

- ০১। দরপত্র সিল করা খামে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- ০২। দরপত্রের সঙ্গে (ক) ব্যক্তি / সংস্থার নামে ট্রেড লাইসেন্স (খ) ব্যক্তি / সংস্থার নামে কারেন্ট অ্যাকাউন্ট (গ) ইমকাম ট্যাক্স সার্টিফিকেট এবং (ঘ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।
- ০৩। গাড়ীর তেল, চালকের খরচ ও প্রয়োজনীয় মেরামতির সমস্ত খরচ বহন করতে হবে।
- ০৪। প্রতি গাড়ীর জন্য (প্রতিদিন হিসাবে) দরপত্র সর্বাধিক মূল্য ৩২০০/- (তিন হাজার দুই শত) টাকার নিচে হবে।
- ০৫। সময়ের কারণে শিল্পীদের অনুষ্ঠানের কোনও রকম ব্যাঘাত ঘটানো যাবে না।
- ০৬। উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে কর্তৃপক্ষের সঙ্গে সর্বকম সহযোগিতা করতে হবে।
- ০৭। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮/০৫/২০১৭ দুপুর ২ টো।
- ০৮। দরপত্র খোলার তারিখ ১৮/০৫/২০১৭ দুপুর ৩টো।
- ০৯। কোনও কারণ না দেখিয়ে যে কোনও সমূহ দরপত্র বাতিল/খারিজ করার অধিকার কর্তৃপক্ষের সংরক্ষিত।
- ১০। উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে ১৮/০৫/২০১৭ তারিখ দপ্তরের কাজকর্ম স্থগিত থাকলে অব্যবহিত পরের কাজের দিন দরপত্র সমূহ গ্রহণ ও খোলা হবে।
- ১১। নিয়মাবলী পালনে বা উল্লিখিত কাজে অবহেলা পরিলক্ষিত হলে সমস্ত চুক্তি বাতিলের অধিকার দপ্তরের সংরক্ষিত।


স্বাঃ

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক  
মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা : ৫১৯ / ১(৫) তথ্য/মুর্শি,  
অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো -

- ১। মাননীয় সচিব, জেলা পরিষদ, মুর্শিদাবাদ।
- ২। মাননীয় নেজারৎ ডেপুটি কালেক্টর, বহরমপুর, মুর্শিদাবাদ।
- ৩। মাননীয় ডি.আই.ও., এন.আই.সি. মুর্শিদাবাদ জেলা ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ সহ।
- ৪। মাননীয় পোষ্ট মাস্টার, হেড পোষ্ট অফিস, বহরমপুর, মুর্শিদাবাদ।
- ৫। অফিস নোটিশ বোর্ড।

তারিখ : ০৮/০৫/২০১৭

  
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক  
মুর্শিদাবাদ